

## ইনোভেশন টিমের লক্ষ্য ও উদ্দেশ্য

### ইনোভেশন টিমের লক্ষ্যঃ

- সরকারের প্রতিটি দপ্তরে সেবা প্রদান এবং অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনার লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি এবং ক্ষেত্র তৈরি করা;
- এরূপ সৃজনশীলতাকে সরকারের প্রতিটি পর্যায়ে প্রাতিষ্ঠানিকিকরণ;
- সরকারি কর্মকাণ্ডে সৃজনশীল উদ্যোগকে ক্রমাঙ্কয়ে একটি নিয়মবদ্ধ বিষয় হিসাবে প্রতিষ্ঠা করা।

### ইনোভেশন টিমের উদ্দেশ্যঃ

মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারীকৃত প্রজ্ঞাপনে ইনোভেশন টিম এবং চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসারের কার্যক্রম কার্যপরিধি সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে। এ কার্যপরিধি অনুযায়ী ইনোভেশন টিমের কার্যক্রমের উদ্দেশ্য সমূহ নিম্নরূপঃ

- পরিবর্তনের রূপকার হিসাবে সরকারি কাজকর্মে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও নেতৃত্ব প্রদান করা;
- সেবা প্রদান পদ্ধতি সহজিকরণ করা;
- ই-সেবা সম্প্রসারণে সক্রিয় ভূমিকা রাখা;
- আইসিটি বিষয়ক জাতীয় নীতিমালা ও কৌশল বাস্তবায়ন; এবং
- নিজ অধিক্ষেত্রে উদ্ভাবন ও আইসিটি বিষয়ক কার্যক্রমে প্রতিনিধিত্ব করা।